بسم الله الرحمن الرحيم

পররাষ্ট্র মন্ত্রী
FOREIGN MINISTER

GOVERNMENT OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
DHAKA

**Message**

16 December 2020

Today is 16 December - our great Victory Day. This is the unique day of pride for the Bangali Nation. On this day in 1971, we snatched the victory by defeating the occupying Pakistani forces and achieved long-cherished independent and sovereign Bangladesh. On this day of victory, I extend my sincere greetings and warm felicitations to all Bangladeshis living at home and abroad.

On this happy moment, I recall with profound reverence the greatest Bangali of all time, great architect of independence, Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman. Under the dynamic, courageous and charismatic leadership of the Father of the Nation, the people of this territory brought the red sun of the independence breaking the shackles of subjugation of thousands of years. I pay my deep tribute to three million martyrs and valiant freedom fighters whose supreme sacrifice brought us the independent and sovereign Bangladesh. I express sincere gratitude to all the foreign friends for their support on the way towards our independence.

The Birth Centenary of Bangabandhu Sheikh Mujibur Rahman, the greatest Bangali of all time, is being celebrated this year. The coming year will mark the Golden Jubilee of our independence. These are rare occasions in our history. We have an opportunity to highlight Bangladesh and Bangabandhu at home and abroad through meetings, seminars, workshops or screening of films and videos. It is also high time we established the image of the country as a 'Land of Opportunity' and a 'Vibrant Economy'.

Following the guided path of Bangabandhu, his able daughter Hon'ble Prime Minister Sheikh Hasina is determined to build a prosperous, knowledge-based and happy country. As a result of the pragmatic initiatives taken by the present government, Bangladesh has been transformed into a vibrant economy now. The present government continues to make rapid and significant progress in economic and social development which has helped to increase the living standard of the general people. The government has been working relentlessly to turn Bangladesh into a developed country by the year 2041. Poverty alleviation, sustainable development, protection of the environment, women empowerment and human resources development are some of the key features of Bangladesh's development strategy. Today the country is often cited by the international community as a 'Role Model for Development'.

The government is working with utmost sincerity under the direct supervision of Hon'ble Prime Minister Sheikh Hasina to overcome the impact of Covid-19 Pandemic. Hon'ble Prime Minister declared a number of stimulus packages to support the emergency healthcare services, to protect jobs and to achieve smooth economic recovery. The packages declared so far have totaled Tk.

1,12,633 crore. Even amid the Covid-19 pandemic, Bangladesh's GDP growth, 5.2%, is the highest among all Asian countries.

I extend my greetings to all the members of the Ministry of Foreign Affairs and our Missions abroad. On this historic day, we, overwhelmed with the joy of victory, make a renewed pledge to devote ourselves to work from our respective positions imbued with the spirit of Liberation War to build a *'Sonar Bangla'* and also a better world for our future generations.

**Joi Bangla, Joi Bangabandhu.**
**May Bangladesh Live Forever.**

**Dr. A. K. Abdul Momen, MP**

بسم الله الرحمن الرحيم

**পররাষ্ট্র মন্ত্রী**
FOREIGN MINISTER

GOVERNMENT OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
DHAKA

মুজিব শতবর্ষ MUJIB 100

# বাণী

১৬ ডিসেম্বর ২০২০

আজ ১৬ই ডিসেম্বর, মহান বিজয় দিবস। বাঙালি জাতির এক অনন্য গৌরবোজ্জ্বল দিন। ১৯৭১ সালের এই দিনে পাকিস্তানি বর্বর দখলদার বাহিনীকে পরাজিত করে আমরা পেয়েছিলাম স্বাধীন সার্বভৌম বাংলাদেশ। বিজয়ের এ দিনে আমি দেশে-বিদেশে অবস্থানরত সকল বাংলাদেশিকে জানাই আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন।

আজকের এই শুভক্ষণে আমি গভীর শ্রদ্ধাভরে স্মরণ করছি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, স্বাধীনতার মহান স্থপতি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে যাঁর দুরদর্শী, সাহসী ও ঐন্দ্রজালিক নেতৃত্বে বাঙালি জাতি পরাধীনতার শৃঙ্খল ভেঙে ছিনিয়ে এনেছিল স্বাধীনতার রক্তিম সূর্য। পরম শ্রদ্ধার সাথে স্মরণ করছি ৩০ লাখ শহিদ ও বীর মুক্তিযোদ্ধাদের যাঁদের সুমহান আত্মত্যাগের মধ্য দিয়ে আমরা পেয়েছি স্বাধীন ও সার্বভৌম বাংলাদেশ। আন্তরিক কৃতজ্ঞতা জানাচ্ছি বিদেশি বন্ধুরাষ্ট্র ও নাগরিকগণের প্রতি যাঁদের অকুণ্ঠ সহায়তা আমাদের স্বাধীনতা অর্জনের পথে সহায়ক ভূমিকা রেখেছিল।

এ বছর উদ্‌যাপিত হচ্ছে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী এবং আগামী বছর উদ্‌যাপিত হবে স্বাধীনতার সুবর্ণজয়ন্তী যা আমাদের ইতিহাসে বিরল ঘটনা। এই উপলক্ষ্যে দেশে-বিদেশে বাংলাদেশ ও বঙ্গবন্ধু সম্পর্কে জানানোর জন্যে অধিকতর সভা-সমাবেশ, সেমিনার-ওয়ার্কসপ বা চিত্র ও ভিডিও প্রদর্শনীর মাধ্যমে দেশের ভাবমূর্তিকে ''A land of opportunity'' এবং ''সম্ভাবনাময় অর্থনীতি'' হিসেবে প্রতিষ্ঠার সুযোগ এসেছে।

বঙ্গবন্ধুর নির্দেশিত পথ ধরে, তাঁর সার্থক উত্তরসূরী ও সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী দেশরত্ন শেখ হাসিনার নেতৃত্বে বর্তমান সরকার অর্থনৈতিক ও সামাজিক ক্ষেত্রে অভূতপূর্ব অগ্রগতি অর্জন করেছে; যার ফলে সাধারণ মানুষের জীবনযাত্রার মান বৃদ্ধি পেয়েছে। বর্তমান সরকার ২০৪১ সালের মধ্যে বাংলাদেশকে একটি উন্নত ও সমৃদ্ধিশালী দেশে পরিণত করার লক্ষ্যে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। দারিদ্র্য বিমোচন, টেকসই উন্নয়ন, পরিবেশ সংরক্ষণ, নারীর ক্ষমতায়ন, মানবসম্পদ উন্নয়নসহ বিভিন্ন ক্ষেত্রে বাংলাদেশ আজ বিশ্বে 'উন্নয়নের রোল মডেল' হিসেবে স্বীকৃতি পেয়েছে।

বৈশ্বিক সমস্যা করোনার প্রভাব মোকাবিলায় মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রত্যক্ষ তত্ত্বাবধানে বর্তমান সরকার অত্যন্ত আন্তরিকতার সাথে কাজ করে যাচ্ছে। করোনার প্রাদুর্ভাব মোকাবিলায় জরুরি স্বাস্থ্যসেবা প্রদানের পাশাপাশি কর্মসংস্থান টিকিয়ে রাখা এবং অর্থনৈতিক কার্যক্রমকে সচল রাখতে সরকার প্রায় ১ লক্ষ ১২ হাজার ৬৩৩ কোটি টাকার ২১টি প্রণোদনা প্যাকেজ ঘোষণা করেছে। করোনাকালেও এশিয়ার সবগুলো দেশের মধ্যে বাংলাদেশের জিডিপির প্রবৃদ্ধি সর্বোচ্চ (৫.২ শতাংশ)।

পররাষ্ট্র মন্ত্রণালয় ও বিদেশস্থ দূতাবাসসমূহের সকল কর্মকর্তা ও কর্মচারীর প্রতি রইল মহান বিজয় দিবসের শুভেচ্ছা। বিজয়ের আনন্দে উদ্বেলিত আমরা সবাই 'সোনার বাংলা' গঠনে যার যার অবস্থান থেকে কাজ করবো। ভবিষ্যৎ প্রজন্মের জন্য রেখে যাব একটি উন্নত আবাস। আজকের এই ঐতিহাসিক দিনে আসুন, নতুন করে এ শপথ করি।

**জয় বাংলা, জয় বঙ্গবন্ধু,**
**বাংলাদেশ চিরজীবী হোক।**

**ড. এ. কে. আব্দুল মোমেন, এমপি**